



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা



www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০২.১৭.৬২৫

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭

১৫ অক্টোবর ২০২০

পরিপত্র

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ই মার্চ প্রদত্ত ভাষণের দিনটিকে ঐতিহাসিক দিবস হিসাবে ঘোষণা এবং দিবসটিকে 'ক' শ্রেণিভুক্ত হিসাবে ঘোষণা।

সরকার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ই মার্চ প্রদত্ত ভাষণের দিনটিকে 'ঐতিহাসিক ৭ই মার্চ' হিসাবে ঘোষণা এবং দিবসটি উদ্‌যাপনের লক্ষ্যে জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালন সংক্রান্ত পরিপত্রের 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসাবে অন্তর্ভুক্তকরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে। তবে, 'ক' ক্রমিকে অন্তর্ভুক্ত হলেও দিবসটির ক্ষেত্রে সাধারণ ছুটি প্রযোজ্য হবে না।

০২। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় দিবসটি উদ্‌যাপনের উদ্যোক্তা মন্ত্রণালয় হিসাবে দায়িত্ব পালন করবে। তবে, বিষয়ভিত্তিক বন্টনের আওতায় প্রত্যক্ষ সংশ্লিষ্টতা থাকার পরিপ্রেক্ষিতে দিবসটি উদ্‌যাপনে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়কে সরাসরিভাবে সম্পৃক্ত এবং দিবসটির ঐতিহাসিক গুরুত্ব ও সচেতনতা আগামী প্রজন্মের মধ্যে যথাযথভাবে সঞ্চারণের লক্ষ্যে উক্ত কর্মকাণ্ডে শিক্ষা মন্ত্রণালয়কে সংযুক্ত করতে হবে।

০৩। উক্ত সিদ্ধান্ত যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫-১০-২০২০

মোঃ সাজ্জাদুল হাসান

উপসচিব

ফোন: ৯৫৪০৯৭১

ইমেইল:

general_sec@cabinet.gov.bd

বিতরণ:

- ১) প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ২) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ৩) প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর, ঢাকা
- ৪) বিভাগীয় কমিশনার (সকল)

- ৫) মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৬) জেলা প্রশাসক (সকল)
- ৭) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (সকল)
- ৮) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব (সকল)
- ৯) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব (সকল)
- ১০) উপসচিব, মন্ত্রিসভা বৈঠক অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ১১) উপসচিব, মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ